

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ২১

১. পবিত্রতা (کتاب الطهارة) পরিচ্ছেদঃ ১. পানিতে নাপাক মিশ্রিত হলে তার হুকম

بَابُ حُكْمِ الْمَاءِ إِذَا لَاقَتْهُ النَّجَاسَةُ

আরবী

نَا الْقَاضِي الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ ، نَا الْحَسَنُ بْنُ مُحَمَّدِ الزَّعْفَرَانِيُّ ، نَا عَفَّانُ ، نَا حَمَّادُ بْنُ سُلَمَةَ ، نَا عَاصِمُ بْنُ الْمُنْذِرِ ، قَالَ : كُنَّا فِي بُسْتَانٍ لَنَا أَوْ لِعُبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عُبْدِ اللَّهِ بْنِ عُبْدِ اللَّهِ بْنِ عُمْرَ فَحَضَرَتِ الصَّلَاةُ فَقَامَ عُبَيْدُ اللَّهِ إِلَى مَقْرًى فِي الْبُسْتَانِ ، فَجَعَلَ يَتَوَضَّأُ مِنْهُ ، وَفِيهِ هَذَا الْجِلْدُ ؟ فَقَالَ : حَدَّثَنِي أَبِي ، عَنْ رَسُولِ وَفِيهِ جِلْدُ بَعِيرٍ ، فَقُلْتُ : أَتَوَضَّا مَنْهُ ، وَفِيهِ هَذَا الْجِلْدُ ؟ فَقَالَ : حَدَّثَنِي أَبِي ، عَنْ رَسُولِ اللَّهِ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ ، قَالَ : " إِذَا كَانَ الْمَاءُ قُلَّتَيْنِ لَمْ يَنْجُسْ

বাংলা

২১. আল-কাষী আল-হুসাইন ইবনে ইসমাঈল (রহঃ) ... আসেম ইবনুল মুন্যির (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা আমাদের অথবা উবায়দুল্লাহ ইবনে আবদুল্লাহ ইবনে উমারের বাগানে ছিলাম। নামাযের ওয়াক্ত হলে উবায়দুল্লাহ বাগানে অবস্থিত একটি চৌবাচ্চার নিকট গিয়ে তার পানি দিয়ে উযু করতে লাগলেন। চৌবাচ্চার মধ্যে মৃত উটের চামড়া ভিজানো ছিল। আমি বললাম, আপনি এই পানি দিয়ে উযু করলেন, অথচ তার মধ্যে এই চামড়া ভিজানো রয়েছে। তিনি বলেন, আমার পিতা রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর হাদীস বর্ণনা করেছেন, তিনি বলেছেনঃ পানি দুই মশক পরিমাণ হলে তা নাপাক হয় না।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আসেম ইবনুল মুন্যির ইবনু্য যুবায়ের (রহঃ)

义 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন